

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

নং- ০৩.৭০৩.০১৪.০০.০০.১৪৩২.২০১৬- ১৮২৫

তাং- ০৪/০৬/২০১৭ খ্রিঃ।

বিষয় : সারাদেশে বিভিন্ন উপজেলায় আশ্রয়ণ প্রকল্প হতে “সবার জন্য বাসস্থান” এর আওতায় যার জমি আছে ঘর নেই তার নিজ জমিতে গৃহ নির্মাণ তদারকি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা “সবার জন্য বাসস্থান” নিশ্চিত করার লক্ষ্যে “যার জমি আছে ঘর নেই তার নিজ জমিতে গৃহ নির্মাণ” উপখাতের আওতায় উপজেলা নির্বাহী অফিসারগণের মাধ্যমে দেশব্যাপী ব্যাপক কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসারগণের তত্ত্বাবধানে পিআইসি’র মাধ্যমে সরাসরি ত্রয় পদ্ধতিতে (ডিপিএম) ঘর নির্মাণ কাজ সম্পন্ন করা হচ্ছে।

০২। এ ব্যাপক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে প্রয়োজনীয় পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান করা প্রয়োজন। এ লক্ষ্যে নির্মাণ কাজ নিবিড় তদারকি করার জন্য প্রতিটি জেলায় জেলা প্রশাসকের নেতৃত্বে একটি টিম গঠন করার বিষয়ে মুখ্য সচিব মহোদয় সদয় নির্দেশনা প্রদান করেছেন।

০৩। “সবার জন্য বাসস্থান” এর আওতায় যার জমি আছে ঘর নেই তার নিজ জমিতে গৃহ নির্মাণ কাজ নিবিড় তদারকি করার লক্ষ্যে সকল জেলা প্রশাসককে অনুরোধ জানিয়ে ইতোমধ্যে আশ্রয়ণ-২ প্রকল্প হতে পত্র প্রেরণ করা হয়েছে।

০৪। ইতোমধ্যে বেশ কিছু জেলায় জেলা প্রশাসকের নেতৃত্বে তদারকি টিম গঠন করে এ কার্যালয়কে অবহিত করা হয়েছে। কিন্তু সকল জেলা হতে কমিটি গঠন করার তথ্য পাওয়া যায়নি। মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারভুক্ত এ প্রকল্প জেলা প্রশাসকগণের প্রত্যক্ষ তত্ত্বাবধান ব্যতীত বাস্তবায়ন করা সম্ভব নয়।

০৫। বর্ণিতাবস্থায় তাঁর নেতৃত্বে একটি কমিটি গঠনপূর্বক তাঁর জেলাধীন বিভিন্ন উপজেলায় “যার জমি আছে ঘর নেই তার নিজ জমিতে গৃহ নির্মাণ” কাজ নিবিড়ভাবে তদারকি করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।


(এস এম হামিদুল হক)
উপ-প্রকল্প পরিচালক
☎: ৯১১৪৩২১

জেলা প্রশাসক (সকল)।

.....।

অনুলিপিঃ

- ০১। বিভাগীয় কমিশনার, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট (সকল)।
- ০২। মুখ্য সচিবের/সিনিয়র সচিবের একান্ত সচিব (মুখ্য সচিব/সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৩। ব্যক্তিগত কর্মকর্তা, আশ্রয়ণ-২ প্রকল্প (প্রকল্প পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৪। অফিস কপি।